



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ডবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫  
পিএবিএস : ৯৫৬০০৩১-৩৫/২৫০  
ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-৩(৩)ধাতবমুদ্রা/২০১৮-২০১৯/১৫৫৩

তারিখ : ১৬-০৪-২০১৯

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : শাখা ভিত্তিক ধাতব মুদ্রার স্থিতির মাসিক বিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরোল্লিখিত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে ২৬-১১-২০১৮ তারিখে ৮৯৭ নম্বর পত্র মূলে সকল বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে তাঁর বিভাগাধীন অঞ্চলওয়ারী সকল শাখাসমূহের ধাতব মুদ্রার স্থিতির মাসিক বিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু বিভাগীয় কার্যালয় নির্ধারিত সময়ের মধ্যে উক্ত বিবরণী প্রেরণ করেন না। অত্র বিভাগ হতে বার বার টেলিফোনে তাগিদ দেয়া সত্ত্বেও উক্ত বিবরণী পাওয়া যায় না। ফলে সঠিক সময়ে ধাতব মুদ্রার মাসিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা সম্ভব হয়নি। বিধায় বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ হতে উক্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে এবং অত্র বিভাগের উপ-মহাব্যবস্থাপকের সাথে টেলিফোন করে গভীর অসন্তোষ প্রকাশ করেছেন।

০৩। এমতাবস্থায় সকল বিভাগীয় মহাব্যবস্থাপকগণকে তাঁর অঞ্চলাধীন শাখাসমূহের ধাতব মুদ্রার স্থিতির মাসিক বিবরণী সমন্বিত আকারে পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে অবশ্যই অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

তারিখ : ১৬-০৪-২০১৯

নং-প্রকা/শানিব্যাউবি-৩(৩)ধাতবমুদ্রা/২০১৮-২০১৯/১৫৫৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ✓ ০৩। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। নথি/মহানথি।

(মুহাম্মদ তাইবুর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক